



প্রেস বিজ্ঞপ্তি

‘ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড’ পেলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১৮ শিক্ষক

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩১ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১৮ জন শিক্ষককে সম্মাননা স্বরূপ ‘ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড’ প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ৩ জন করে মোট ১৮ জন শিক্ষকের মাঝে মর্যাদাপূর্ণ এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। গবেষণা ও সম্প্রসারণ অফিসের উদ্যোগে ৩১ অক্টোবর ২০২৩ তারিখ বিকাল ৩টায় জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। জানুয়ারি ২০২২ থেকে সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে বিভিন্ন জার্ণালে প্রকাশিত বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দের গবেষণা প্রবন্ধের উপর ভিত্তি করে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমকে ত্বরান্বিতকরণে শিক্ষকদের উৎসাহিত করতে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। এর মাধ্যমে একদিকে যেমন শিক্ষকদের গবেষণার মান বৃদ্ধিপাবে একইভাবে বরিশাল বিশ্ববিদ্যালয় জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে তার সুনাম বৃদ্ধিতে সক্ষম হবে। উপাচার্য মহোদয় শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়কে দেশ ও আন্তর্জাতিক পরিমন্ডলে পরিচিত করতে বিশ্ববিদ্যালয়ের সকলকে কাজ করে যেতে আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। ‘ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড’ প্রদান অনুষ্ঠানে সকল অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান, শিক্ষকমন্ডলীসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মার্কেটিং বিভাগের প্রভাষক সায়মা আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস